

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ এর কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)

rajshahi.judiciary.gov.bd

নং-১১৫/২৫-জি,

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

অফিস আদেশ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৪ এর ১৮ সেপ্টেম্বর, ২০২৫খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং ৩৭৪-আইন/২০২৫ মূলে রাজশাহী জেলায় দায়রা আদালত, ০৪(চার)টি অতিরিক্ত দায়রা আদালত এবং ১০(দশ)টি যুগ্ম দায়রা আদালত প্রতিষ্ঠাপূর্বক সরকারী আদেশ জারী করা হয়েছে। উপরিউক্ত এস.আর.ও. মোতাবেক রাজশাহী জেলায় নব-প্রতিষ্ঠিত দায়রা আদালত, ০৪(চার)টি অতিরিক্ত দায়রা আদালতসমূহে এবং ১০(দশ)টি যুগ্ম দায়রা আদালতসমূহে অদ্য ২২/০৯/২০২৫খ্রিঃ তারিখ হতে বিচারিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নলিখিত ছকের ২নং কলামে বর্ণিত দায়রা আদালত, অতিরিক্ত দায়রা আদালতসমূহ এবং যুগ্ম দায়রা আদালতসমূহ এর বিচারিক ও প্রশাসনিক কার্যক্রম জেলা জজ আদালত, অতিরিক্ত জেলা জজ আদালতসমূহ এবং যুগ্ম জেলা জজ আদালতসমূহ এর বিদ্যমান এজলাস ও সেরেস্তায় ৩নং কলামে বর্ণিত জেলা জজ আদালত এর বিচারক, অতিরিক্ত জেলা জজ আদালতের বিচারকগণ এবং যুগ্ম জেলা জজ আদালতের বিচারকগণ নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করবেন।

অদ্য ২২/০৯/২০২৫খ্রিঃ তারিখ হতে বিদ্যমান সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ আদালত, অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতসমূহ এবং যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতসমূহ এ বিচারাধীন সকল প্রকার ফৌজদারী বা দায়রা মামলাসমূহ নব-প্রতিষ্ঠিত নিম্নলিখিত ছকের ২নং কলামে বর্ণিত সংশ্লিষ্ট দায়রা আদালত, অতিরিক্ত দায়রা আদালতসমূহ এবং যুগ্ম দায়রা আদালতসমূহ এ বিচার ও নিষ্পত্তির লক্ষ্যে বদলী হবে এবং সংশ্লিষ্ট দায়রা আদালত, অতিরিক্ত দায়রা আদালতসমূহ ও যুগ্ম দায়রা আদালতসমূহ এর নতুন কোর্ট ডায়েরী ও কজলিস্টে বিচারাধীন মামলা অন্তর্ভুক্তিকরণ ও ফলাফল অগ্রগামী নিশ্চিত করতে হবে।


ক্রমিক নং	নব-প্রতিষ্ঠিত আদালতসমূহ	দায়িত্বপ্রাপ্ত আদালত/বিচারক
(১)	(২)	(৩)
১।	দায়রা আদালত ও স্পেশাল ট্রাইব্যুনাল-১ রাজশাহী।	জেলা জজ আদালত, রাজশাহী।
২।	অতিরিক্ত দায়রা আদালত-১ ও স্পেশাল ট্রাইব্যুনাল-৩ রাজশাহী।	অতিরিক্ত জেলা জজ আদালত-২, রাজশাহী।
৩।	অতিরিক্ত দায়রা আদালত-২ ও স্পেশাল ট্রাইব্যুনাল-৪ রাজশাহী।	অতিরিক্ত জেলা জজ আদালত-৩, রাজশাহী।
৪।	অতিরিক্ত দায়রা আদালত-৩ ও স্পেশাল ট্রাইব্যুনাল-৮ রাজশাহী।	অতিরিক্ত জেলা জজ আদালত-৪, রাজশাহী।
৫।	অতিরিক্ত দায়রা আদালত-৪ ও স্পেশাল ট্রাইব্যুনাল-৯ রাজশাহী।	অতিরিক্ত জেলা জজ আদালত-৫, রাজশাহী।
৬।	যুগ্ম দায়রা আদালত-১, ৪, ৫ ও স্পেশাল ট্রাইব্যুনাল- ৫, ১০ ও ১১, রাজশাহী।	যুগ্ম জেলা জজ আদালত-১, রাজশাহী।
৭।	যুগ্ম দায়রা আদালত-২, ৬, ৭ ও স্পেশাল ট্রাইব্যুনাল- ৬, ১২ ও ১৩, রাজশাহী।	যুগ্ম জেলা জজ আদালত-২, রাজশাহী।
৮।	যুগ্ম দায়রা আদালত-৩, ৮, ৯, ১০ ও স্পেশাল ট্রাইব্যুনাল-৭, ১৪, ১৫ ও ১৬, রাজশাহী।	যুগ্ম জেলা জজ অতিরিক্ত আদালত, রাজশাহী।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উল্লিখিত ছকের ৩নং কলামে বর্ণিত সংশ্লিষ্ট আদালতসমূহের কর্মচারীগণ নব-প্রতিষ্ঠিত ২নং কলামে বর্ণিত আদালতসমূহের নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করবেন।

সংশ্লিষ্ট বিচারিক কর্মকর্তাগণ বিধি মোতাবেক দায়িত্বভাড়া প্রাপ্ত হবেন।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।


(এ,এইচ,এম, মাহমুদুর রহমান)
সিনিয়র জেলা জজ
রাজশাহী।

সার্ভিস আইডি-১৯৯৮১১৮১২৫

ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ৩৫৬/২৫-(১০)/জি,


তারিখ ৪ ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

- ০১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০৩। দায়রা আদালত, রাজশাহী।
- ০৪। অতিরিক্ত জেলা জজ আদালত-২, ৩, ৪ ও ৫, রাজশাহী।
- ০৫। অতিরিক্ত দায়রা আদালত-১, ২, ৩ ও ৪, রাজশাহী।
- ০৬। যুগ্ম জেলা জজ আদালত-১, ২ ও অতিরিক্ত, রাজশাহী।
- ০৭। যুগ্ম দায়রা আদালত-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০, রাজশাহী।
- ০৮। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/নকল বিভাগ/হিসাব বিভাগ/লাইব্রেরী/মহাফেজ খানা, জেলা জজ আদালত, রাজশাহী।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী।
- ১০। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, রাজশাহী।
- ১২। কোর্ট পুলিশ পরিদর্শক, রাজশাহী।
- ১৩। নোটিস বোর্ড (সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য)।
- ১৪। অফিস কপি।


(এ,এইচ,এম, মাহমুদুর রহমান)
সিনিয়র জেলা জজ
রাজশাহী।